রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুলাই ১০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**বিসিক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ় ১৪৩২/ ২৬ জুন ২০২৫

নং **৩৬.০০.০০০০.০০০.০৬৫.২২.০০৭.২২.৩৮৩**—"বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) শিল্পনগরী/শিল্পপার্কে প্লট বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৩" এর আওতায় পরিচালিত অ্যাক্টিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রিডিয়েন্ট ইন্ডাস্ট্রিয়াল পার্কের (এপিআই) প্লট হস্তান্তরে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

(ক) হস্তান্তর প্রক্রিয়া বরাদ্দপ্রাপ্ত ২৭ টি শিল্প ইউনিটের মধ্যে সীমাবদ্ধ থাকবে। এদের মধ্যে কোন প্রতিষ্ঠান প্লট হস্তান্তরে আগ্রহী এবং কোন প্রতিষ্ঠান প্লট গ্রহণে আগ্রহী তার তালিকা আগামী ৩০-০৬-২০২৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

(খ) হস্তান্তর/বিনিময়/একত্রীকরণ দাতা-গ্রহীতাদের হস্তান্তর আবেদনের তারিখ পর্যন্ত সকল পাওনা হালনাগাদ পরিশোধ থাকতে হবে। হস্তান্তর পরবর্তী সময় বিদ্যমান মালিক অবশিষ্ট টাকা পূর্বের শিডিউল অনুযায়ী অথবা এককালীন পরিশোধ করতে পারবেন।

(গ) এ প্রজ্ঞাপনের আলোকে আগামী ৩০-১২-২০২৫ তারিখ পর্যন্ত উদ্যোক্তাদের প্লট হস্তান্তর/ বিনিময়/একত্রীকরণ করার সুযোগ প্রদান করা হবে। এক্ষেত্রে বিসিকের নীতিমালা অনুযায়ী ফি প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**

যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : ৪.০০